দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ১

66

# যশোর বোর্ডের ১৮ জনের বিরুদ্ধে দুর্নীতির মামলা

বরিশাল অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের ১৮ জন কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে যশোর আদালতে চার্জশীট দাখিল করা হইয়াছে। জেলা দুর্নীতি

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## যশোর বোর্ডের

( ১ম পৃঃ পর )

দমন বিভাগ এই মামলার বাদী। ১৯৯১ সনে বোর্ডের পুরাতন কাগজপত্র বিনা টেণ্ডারে কর্মচারী সংঘ ক্রয় করে। বোর্ড কর্তৃপক্ষ চাপের মুখে ইহা বিক্রি করিতে বাধ্য হয়। ইহার মূল্য কয়েক লক্ষ টাকা। ১৯৯৩ সনের ৩রা নভেম্বর মামলা রুজুর পর, গত বুধবার তদন্ত শেষে চার্জশীট দেওয়া হয়। আসামীরা হইতেছে ঃ সংঘের সভাপতি মিজানুর রহমান, সহ-সভাপতি ওসমান গনি, মহাসচিব মোহাম্মদ আলী, রেজাউল ইসলাম, আব্দুল জলিল, শেখ আজিমুদ্দিন, জালালউদ্দিন, সত্তার মাঝি; আবু জাফর, আব্দুল কাদের, আবুল হাসেম, আব্দুস সোবাহান, মুস্তাফিজুর রহমান, মিজানুল হক, জহরুল ইসলাম, আকরাম হোসেন, জসীম ও জিল্লুর রহমান।